# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**24 MAY 2025 7:45—7:55 PM IST**

==========================================================

১) দেশের প্রত্যেক রাজ্যে সবধরণের সুযোগ-সুবিধা এবং পরিকাঠামো সম্পন্ন কম করে একটি পর্যটনস্থল গড়ে তুলতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর রাজ্যগুলির প্রতি আহ্বান ।

২) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর আগামীকাল আকাশবাণীর ১২২তম 'মন কী বাত' অনুষ্ঠানের মাধ্যমে দেশ-বিদেশের জনসাধারণের সঙ্গে মত বিনিময়/

৩) শ্রীভূমি কেন্দ্রীয় কারাগারে গতরাত্রে দুজন জেল ওয়ার্ডেন'এর একজন মানসিক ভারসাম্যহীন বন্দী মহিলাকে ধর্ষণ/

এবং

৪) উত্তর-পূর্বাঞ্চলে প্রতিবছর খেলো-ইন্ডিয়া উত্তর-পূর্ব ক্রীড়া প্রতিযোগিতার আয়োজন করা হবে বলে কেন্দ্রীয় মন্ত্রী মনসুখ মন্ডাভিয়ার প্রকাশ ।

--------------------------------------------------------------------------------

দেশের প্রত্যেক রাজ্যে আন্তর্জাতিক মানের সবধরণের সুযোগ-সুবিধা এবং পরিকাঠামো সম্পন্ন কম করে একটি পর্যটনস্থল গড়ে তুলতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী রাজ্যগুলির প্রতি আহ্বান জানিয়েছেন । নতুন দিল্লীতে আজ নীতি আয়োগের দশম প্রশাসনীয় পরিষদের বৈঠকে পৌরহিত্য করে প্রধানমন্ত্রী এই আহ্বান জানান । তিনি বলেন যে এক রাজ্য - এক বিশ্ব গন্তব্য শীর্ষক নীতির মাধ্যমে রাজ্যগুলির কম করে একটি শহর পর্যটন স্থল হিসেবে গড়ে ওঠবে । ভরতের দ্রুত গতিতে নগরীকরণ হচ্ছে বলে উল্লেখ করে তিনি বলেন যে এই মহানগরগুলিকে ভবিষ্যমুখী করে তোলার প্রয়োজন রয়েছে । উন্নয়নের গতি দ্রুত করে তুলতে কেন্দ্রীয় সরকারের সঙ্গে সব রাজ্যগুলি এক জোট হয়ে টিম ইন্ডিয়া হিসেবে কাজ করলে লক্ষ্যে উপনীত হওয়া অসম্ভব নয় বলে তিনি মন্তব্য

করেন । বিকশিত ভারত প্রত্যেক ভারতীয়র লক্ষ্য বলে উল্লেখ করে তিনি বলেন যে প্রত্যেকটি রাজ্যের উন্নয়ন হলেই ভারত উন্নত ভারত হিসেবে পরিগণিত হবে ।

---

কেন্দ্রীয় শিক্ষামন্ত্রনালয় দেশের ছাত্র-ছাত্রী তথা যুব প্রজন্মকে তামাক জাতীয় নেশা সামগ্রীর কুব্যবহার থেকে সুরক্ষিত করার উদ্দেশ্যে শিক্ষাপ্রতিষ্ঠান গুলিকে তামাক মুক্ত করতে দেশব্যাপী একটি বিধি বলবৎকারী অভিযান শুরু করবে । বিশ্ব তামাকমুক্ত দিবসের সঙ্গে সঙ্গতি রেখে আগামী ৩১মে মাসব্যাপী এই অভিযান আরম্ভ করা হবে এবং ২৬ জুন এই অভিযান সমাপ্ত হবে । এই অভিযানের অধীনে শিক্ষা প্রতিষ্ঠানগুলি থেকে ১শো ব্যাসার্ধের মধ্যে তামাক জাতীয় সামগ্রী বিক্রয় করার ক্ষেত্রে বিভিন্ন ধরণের বিধি নিষেধ আরোপ করা হবে । এই নিষধাজ্ঞা সমূহ অমান্য করলে গৃহিত ব্যবস্থাবলী সম্পর্কে একটি মানসম্পন্ন কার্যপ্রণালী প্রস্তুত করতে মন্ত্রনালয় রাজ্য তথা কেন্দ্রীয় শাসিত অঞ্চলগুলির প্রতি আহ্বান জানিয়েছে । মন্ত্রনালয় ছাত্র-ছাত্রী তথা জনসাধারণকে তামাক ব্যবহারের কুপ্রভাব সম্পর্কে সচেতন করার উদ্দেশ্যে মাই-গভ মঞ্চে একটি কুইজ শাখারও সূচনা করেছে । বিদ্যালয় এবং মহাবিদ্যালয় গুলিতে ছাত্র-ছাত্রীদের জন্য সুরক্ষিত এবং স্বাস্থ্যসম্মত পরিবেশ গড়ে তোলা সহ দেশের যুব প্রজন্মকে তামাকের কুপ্রভাব থেকে মুক্ত করার উদ্দেশ্যেই এই পদক্ষেপ গ্রহণ করা হয়েছে ।

---

কেন্দ্রীয় লোকসেবা আয়োগ ( ইউ পি এস সি )-র অসামরিক সেবার প্রারম্ভিক পরীক্ষা আগামীকাল অনুষ্ঠিত হবে । দেশের বিভিন্ন কেন্দ্র সহ গৌহাটির মোট ২৬টি কেন্দ্রে আগামীকাল এই পরীক্ষা অনুষ্ঠিত হবে । গৌহাটির পরীক্ষা কেন্দ্রগুলিতে মোট ১০ হাজার ৫শো ৮৭ জন পরীক্ষার্থী আগামীকাল এই পরীক্ষায় অবতীর্ণ হবে । এর পরিপ্রেক্ষিতে পুলিশ প্রশাসন ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতার অধীনে বেশ কিছু নীতি-নির্দেশনা জারী করেছে । এই অনুসারে পরীক্ষাকেন্দ্রের ১শো মিটার ব্যাসার্ধের ভিতর পরীক্ষার্থী , পরীক্ষা পরিচালনার সঙ্গে যুক্ত আধিকারক , পুলিশ এবং সরকারী অথবা জেলা আয়ুক্ত কর্তৃপক্ষের লোক ছাড়া অন্য কেউ প্রবেশ করতে পারবেন না ।

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আকাশবাণীযোগে প্রচারিত মন-কি-বাত অনুষ্ঠানের মাধ্যমে আগামীকাল বেলা ১১টায় দেশ-বিদেশের জনসাধারণের সঙ্গে মত বিনিময় করবেন । এটি হবে মন-কি-বাত অনুষ্ঠানের ১২২তম পর্ব । এই অনুষ্ঠান আকাশবাণী ও দূরদর্শনের সব নেটওয়ার্কে প্রচারিত হবে । এই অনুষ্ঠান airnews ওয়েবসাইট এবং newsonair মোবাইল এ্যাপের মাধ্যমেও শুনা যাবে । airnews , ডি-ডি নিউজ

প্রধানমন্ত্রীর কার্যালয় এবং তথ্য ও সম্প্রচার মন্ত্রনালয়ের ইউটিউব চ্যানেলেও এই অনুষ্ঠান সম্প্রচার করা হবে । প্রধানমন্ত্রীর এই অনুষ্ঠানটির সরাসরি সম্প্রচার শেষ হওয়ার পরই আকাশবাণীর বিভিন্ন কেন্দ্র থেকে এই অনুষ্ঠানের আঞ্চলিক অনুবাদ প্রচার করা হবে ।

---------------------------------------------------------------------------------------

উত্তর-পূর্বাঞ্চলে আগামী ৫ বছরের মধ্যে রিলায়েন্স ইন্ডাষ্ট্রীজ ৭৫ হাজার কোটি টাকা বিনিয়োগ করবে বলে রিলায়েন্সের অধ্যক্ষ মুকেশ আম্বানী জানিয়েছেন । নতুন দিল্লীতে অনুষ্ঠিত রাইজিং নর্থ-ইষ্ট বিনিয়োগকারী সম্মিলনে অংশ গ্রহণ করে তিনি বলেন যে এই অর্থ ৩শো ৫০টি জৈব গ্যাস প্রকল্প , দূরসংযোগ সেবার সম্প্রসারণ , বিশুদ্ধ শক্তি প্রকল্প ইত্যাদি সহ বিভিন্ন ক্ষেত্রে বিনিয়োগ করা হবে । এর ফলে ২৫ লক্ষ প্রত্যক্ষ এবং পরোক্ষ নিয়োগের সুযোগ সৃষ্টি হবে বলেও শ্রী আম্বানী উল্লেখ করেন ।

আদানী গ্রুপের অধ্যক্ষ গৌতম আদানীও আগামী ১০ বছরে উত্তর-পূর্বাঞ্চলে সবুজ শক্তি , সড়ক , জাতীয় সড়ক  এবং ডিজিট্যাল পরিকাঠামো সহ বিভিন্ন ক্ষেত্রে অতিরিক্ত ৫০ হাজার কোটি টাকা বিনিয়োগ করা হবে বলে জানিয়েছেন ।

---------------------------------------------------------------------------------------

শ্রীভূমি জেলার কেন্দ্রীয় কারাগারের ভেতরেই জনৈক মানসিক ভারসাম্যহীন মহিলাকে ধর্ষণ করেছে ঐ কারাগারের রক্ষণাবেক্ষণের দায়িত্বে থাকা দুই ওয়ার্ডেন- হরেশ্বর কলিতা এবং ব্রজেন্দ্র কলিতা । এই জেলার অতিরিক্ত পুলিশ সুপার প্রণবজ্যোতি কলিতা আজ এক সাংবাদিক সম্মেলনে একথা জানিয়ে বলেছেন যে- গতরাত্রে প্রায় দেড়টা নাগাদ তারা এই ঘটনার খবর পান । সঙ্গে সঙ্গে পুলিশ ঘটনাস্থলে ছুটে যায় । এরপর দুই অভিযুক্তকে আটক করে রাখা হয় । তিনি জানিয়েছেন যে- জেলের ভেতরে একটি পরিত্যক্ত কোয়ার্টারে ঐ দুই অভিযুক্ত এই কুকান্ডটি সংঘটিত করে । এই ঘটনার পরিপ্রেক্ষিতে নির্দিষ্ট ধারায় তাদের বিরুদ্ধে মামলা দায়ের করে পুলিশ তদন্ত আরম্ভ করেছে । ইতিমধ্যে নির্যাতিতা মহিলার মেডিক্যাল পরীক্ষা করানো হয়েছে । উল্লেখ্য- মহিলাটিকে কিছুদিন আগে আদালতের নির্দেশে কারাগারে রাখা হয়েছিল । জেলার কারাগারে এধরণের জঘন্য অপরাধ সংঘটিত হওয়ার খবরে শ্রীভূমি শহরে চাঞ্চল্য ছড়িয়ে পড়েছে ।

বাইট

---------

---------------------------------------------------------------------------------------

উত্তর পূর্বাঞ্চলে ক্রীড়া প্রতিভার বিকাশের জন্যে খেলো ইন্ডিয়া উত্তর পূর্ব ক্রীড়া প্রতিযোগিতার আয়োজন করা হবে বলে কেন্দ্রীয় যুব পরিক্রমা এবং ক্রীড়া দপ্তরের মন্ত্রী ডঃ মনসুখ মান্ডভিয়া জানিয়েছেন । আজ নতুনদিল্লিতে আয়োজিত ‘রাইজিং নর্থ-ইস্ট’ বিনিয়োগকারী শীর্ষ সম্মেলন-২০২৫ এর সমাপ্তি অনুষ্ঠানে অংশগ্রহণ করে ভাষণ প্রসঙ্গে তিনি এইকথা বলেন । এই উৎসব প্রতিবছর আয়োজন করা হবে বলে জানিয়ে শ্রী মান্ডভিয়া বলেন যে- এতে অলিম্পিকে অর্ন্তভুক্ত ক্রীড়াসমূহ ছাড়াও পরম্পরাগত ক্রীড়াও অর্ন্তভুক্ত করা হবে ।

শ্রী মান্ডভিয়া খেলো ইন্ডিয়া ক্রীড়া প্রতিযোগিতা দেশকে ক্রীড়াক্ষেত্রে উত্তরণ ঘটানোর মূল চাবিকাঠি বলেও উল্লেখ করেছেন। এই অনুষ্ঠানে অংশগ্রহণ করে কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের প্রতিমন্ত্রী অনুপ্রিয়া প্যাটেল বলেন যে- স্বাস্থ্যসেবা সুলভ ও গুণগতমানসম্পন্ন করে তোলার জন্য কেন্দ্রীয় সরকার রাজ্য সরকারগুলির সঙ্গে একযোগে বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করেছে। তিনি বলেন যে- বেসরকারী ক্ষেত্র উত্তর পূর্বাঞ্চলের স্বাস্থ্যসেবার ক্ষেত্রে নির্ণায়ক ভূমিকা গ্রহণ করতে পারে । সরকার উত্তর পূর্বাঞ্চলের জনসাধারণের কল্যাণের জন্য বিশেষ ভূমিকা গ্রহণ করে আসছে বলেও তিনি মন্তব্য করেন । সম্মেলনে অংশগ্রহণ করে কেন্দ্রীয় পুর্ননবীকরণযোগ্য শক্তি দপ্তরের মন্ত্রী প্রহ্লাদ যোশী বলেন যে- উত্তর পূর্বাঞ্চলের বিকাশ তরান্বিত করতে নবীকরণযোগ্য শক্তিক্ষেত্র গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে । তিনি বলেন যে- বিগত এগারো বছরে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে উত্তর-পুর্বাঞ্চলে অভূতপূর্ব উন্নয়ন পরিলক্ষিত হয়েছে । তিনি বলেন- উত্তর-পুর্বে অব্যবহৃত নবীকরণযোগ্য শক্তির বিশাল সম্পদ রয়েছে । তিনি আরো বলেন- শক্তির বর্ধিত চাহিদার প্রতি লক্ষ্য রেখে এই প্রাকৃতিক সম্পদসমূহের সহায়তায় দেশের সবুজ বিকাশের পরিকল্পনাগুলি উত্তর-পূর্বে গুরুত্বপূর্ণ স্থান দখল করেছে।

---------------------------------------------------------------------------------

আসাম পুলিশ দেশ বিরোধী মন্তব্য করা লোকেদের বিরুদ্ধে অভীযান অব্যাহত রেখেছে । এই অভিযানের অধীনে এ পর্যন্ত ৭৬ জনকে গ্রেপ্তার করা হয়েছে । সম্প্রতি নলবারী , দক্ষিণ শালামারা , মানকাচার এবং কামরূপ জেলা থেকে এদের গ্রেপ্তার করা হয় । সামাজিক মাধ্যমে পাকিস্থানকে সমর্থন করে পোষ্ট দেওয়ার অভিযোগে তাদের গ্রেপ্তার করা হয় । মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা সামাজিক মাধ্যমে এই তথ্য প্রকাশ করেছেন ।

---------------------------------------------------------------------------------